

প্রিয়তমা, শুধু তোমার জন্য

বাতাসে ছড়িয়ে দাও ভালবাসা, অনিন্দ্যা
আমি নিঃশ্বাসে টেনে নেবো ।

যখন শরীরে শিউরে ওঠে শঙ্খিনি ভালবাসা
খির খির কাঁপতে থাকে বেতস লতার মতো
----- কার মুখ মনে পড়ে !

বাতাস কাঁপিয়ে দিও তুমি শিহরণে
আমার অস্তিত্বে, তন্ত্রীতে তন্ত্রীতে, চিস্তনে মননে
চিনে নেবো ভালবাসা তোমার,
তুলে নেবো খুঁটে খুঁটে প্রতিটি স্পন্দন
হৃদয় রক্ত স্রোতে ডেকে আনবো সুনামী প্রলয় ।

শুধু একবার, প্রিয়তমা, শুধু একটি বার
বাতাসে তোমার ভালবাসার কাঁপন ছড়িয়ে দ্যাখো
উথাল পাখাল কেমন বাড় ডেকে আনি ।

বাতাসের পথ চেয়ে প্রতীক্ষায় আছি, অনন্ত কাল
অনন্ত ভালবাসায় ।

শুধু তোমার জন্য, প্রিয়তমা, শুধু তোমার জন্য ।

ঢাকা : ২১.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম